



# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK

কেন্দ্রীয় হিসাব বিভাগ

হিসাব পরিপত্র- ০৯/২০২৪

তারিখঃ ১২ নভেম্বর ২০২৪

বিষয়ঃ শাখা কার্যালয়ের এনসিসি ব্যাংকের প্রি-ফান্ডিং এর অর্থ প্রধান কার্যালয়ে প্রেরণ, এনসিসি ব্যাংকের মাধ্যমে রেমিট্যান্স কার্যক্রম স্থগিতকরণ এবং সেন্ট্রাল রেমিট্যান্স সেল বিলুপ্তকরণ প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত ২০২৪-২০২৫ অর্থ বছরের তহবিল ব্যবস্থাপনা ও বিনিয়োগ সুপারিশ কমিটি'র ১ম সভায় অত্র ব্যাংকের রেমিট্যান্স সংগ্রহের কার্যক্রম দীর্ঘদিন যাবৎ স্থবির বা লেনদেন সংঘটিত না হওয়ায় এনসিসি ব্যাংক পিএলসি, রেমিট্যান্স হিসাব সমন্বয় পূর্বক সংশ্লিষ্ট ব্যাংক কে ফেরত প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

০২। উক্ত সভার সুপারিশ মোতাবেক এনসিসি ব্যাংক পিএলসি, রেমিট্যান্স প্রি-ফান্ডিং স্থিতির সাথে অত্র ব্যাংকের এনসিসি ব্যাংকের রেমিট্যান্স হিসাব সমন্বয় করা হয়েছে। যেহেতু অত্র ব্যাংকের মাধ্যমে রেমিট্যান্স সংগ্রহের কার্যক্রম লাভজনক না হওয়ায় এনসিসি ব্যাংক পিএলসি, রেমিট্যান্স প্রি-ফান্ডিং এর অর্থ ফেরত প্রদানের নিমিত্তে প্রধান কার্যালয়ের ইস্যুকৃত ডেবিট এডভাইস সাড়া প্রদান করার জন্য সংশ্লিষ্ট শাখা কার্যালয়কে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, বর্ণিত তারিখ থেকে অত্র ব্যাংকের এনসিসি ব্যাংকের মাধ্যমে রেমিট্যান্স কার্যক্রম স্থগিত করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ


ডেবিট		অফিস কর্তৃক করণীয়	ক্রেডিট	
কোড নং	হিসাব খাতের নাম		কোড নং	হিসাব খাতের নাম
১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস	প্রধান কার্যালয়	১১৯১৯০০০	এনসিসি ব্যাংক রেমিট্যান্স
১১৯১৯০০০	এনসিসি ব্যাংক রেমিট্যান্স	শাখা কার্যালয়	১১৬০৩০০০	ডিউ টু হেড অফিস

০৩। এতদসংক্রান্ত বিষয়ে অত্র বিভাগের বিগত ১৫ নভেম্বর ২০২১ তারিখে জারীকৃত অফিস আদেশ নং-১/১০/২৩৩/২৬৮৩ এর মাধ্যমে গঠিত সেন্ট্রাল রেমিট্যান্স সেল বিলুপ্ত করা হলো।

০৪। উপর্যুক্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। এতদবিষয়ে কোনো প্রকার অস্পষ্টতা দেখা দিলে তা নিম্নস্বাক্ষরকারীগণের সাথে সরাসরি যোগাযোগ করে নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৫। নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে

  
২২.১১.২০২৪


মোঃ আঃ আলীম  
উপমহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)

সূত্র নং-১/১১/২৩৩/ ৩০৮৭

তারিখঃ ১২ নভেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে এবং AVUB Archival System এ আপলোড করার অনুরোধসহ।
৫. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা প্রধান, শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬. সংশ্লিষ্ট নথি/মহানথি।

  
মোঃ মাইনুল ইসলাম  
প্রিন্সিপাল অফিসার  
মোবাইল-০১৫১৬-১৭১২৯১